দৈনিক ইনকিলাব

তারিখ 27 JUN 1997
পৃষ্ঠা ৩ কলাম ৩

12

## রবিবার ছাত্র শিবিরের বিক্ষোভ দিবস

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি ৩ ঘন্টা অবরুদ্ধ

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ঃ 'প্রীতিলতা হল' নামকরণের প্রতিবাদে শিবিরের আন্দোলনের গতকাল ৫ম দিনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান তার দফতরে প্রায় ৩ ঘন্টা অবরুদ্ধ ছিলেন। পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী বেলা সাড়ে ১১টায় শিবিরের একটি মিছিল ভিসি অফিস ঘেরাও করে। এ সময় ভিসি অফিসের সামনে বিপুল সংখ্যক দাঙ্গা-পুলিশ, রিজার্ভ পুলিশ ও সিভিল পুলিশ মোতায়েন ছিল। কিন্তু শিবিরের মিছিলটি পুলিশ বেষ্টনী ভেঙ্গে প্রশাসনিক ভবনের ৩য় তলায় ভিসি'র দফতরে অবস্থান নিলে ভিসি অবরুদ্ধ হয়ে পড়েন। সেখানে একটি সমাবেশের পর জিএম. রহিমুল্লাহ ও মাহবুবুর রহমান, নাসেরুল্লাহর নেতৃত্বে একটি প্রতিনিধি দল ভিসি'র সাথে তার দফতরে সাক্ষাৎ করেন। সেখানে নেতৃবৃন্দ বেলা প্রায় সোয়া ২টা পর্যন্ত আলোচনা করেন। আলোচনা শেষে শিবির কর্মীরা ভিসি অফিস থেকে নেমে ভিসি অফিসের সম্মুখ চত্বরে এক সমাবেশে মিলিত হয়। সমাবেশে শিবির সভাপতি জিএম রহিমুল্লাহ বলেন, ভিসি'র সাথে আলোচনা ব্যর্থ হয়েছে। তিনি আমাদের কোন সন্তোষজনক কথা দিতে পারেননি। বাকশালী কায়দায় তিনি প্রশাসন চালাচ্ছেন বলে অভিযোগ করে শিবির নেতা বলেন, এই ভিসি সরকারের দালালী করছেন। সমাবেশে আগামী রবিবার 'বিক্ষোভ দিবস' ঘোষণা করে বলা হয়, এর মধ্যে প্রীতিলতার নাম প্রত্যাহার এবং বর্ধিত ভর্তি ফি ও আবাসিক ফি বাতিল না করলে ভিসি পতনের আন্দোলন শুরু করা হবে।